ইরানের ওপর নিষেধাজ্ঞা সম্প্রসারণের সিদ্ধান্ত ইইউর



ছবি: সংগৃহীত

ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) ইরানের ওপর থাকা নিষেধাজ্ঞার পরিধি আরও বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। নতুন এই ব্যবস্থায় হরমুজ প্রণালি অবরোধে সম্পৃক্ত ব্যক্তিরাও নিষেধাজ্ঞার আওতায় আসবেন।

মঙ্গলবার আলজাজিরা ইইউ সূত্রের বরাতে জানায়, এ বিষয়ে সদস্য রাষ্ট্রগুলোর মধ্যে একমত হয়েছে।

ইইউর পররাষ্ট্রনীতি বিষয়ক প্রধান কাজা কাল্লাস লুক্সেমবার্গে অনুষ্ঠিত বৈঠকের পর জানান, সদস্য দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীরা এই সিদ্ধান্তে সম্মতি দিয়েছেন।

তিনি আরও উল্লেখ করেন, মধ্যপ্রাচ্যে নিরাপত্তা পরিস্থিতি বিবেচনায় ইইউর নৌ মিশন আরও জোরদার করার প্রয়োজন রয়েছে। বর্তমানে এই মিশন লোহিত সাগরে ইয়েমেনের হুথি গোষ্ঠীর হামলা থেকে বাণিজ্যিক জাহাজ রক্ষার কাজ করছে।

কাল্লাসের ভাষায়, সাম্প্রতিক উত্তেজনাকর পরিস্থিতি মোকাবিলায় এবং আঞ্চলিক স্থিতিশীলতা নিশ্চিত করতে এ ধরনের পদক্ষেপ নেওয়া হচ্ছে।